RNI No. 71057/96

Bengali fortnightly newspaper

# পূর্বোত্তর

১৯৯৬ সন থেকে প্রকাশিত

www.facebook.com/purbottar
www.purbottar.in

**বিজ্ঞপ্তি**

আপনাদের গল্প, কবিতা, মৌলিক রচনা আমাদের contact@purbottar.in –এ ই-মেইল অথবা, 7547930235 নাম্বারে হোয়াটস্ অ্যাপ করুন।

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন- 9775273453

বিশেষ সংখ্যা, ১৩ মার্চ ২০২৪ ( 13 March 2024)




## উন্নত চিকিৎসা পরিষেবার দাবি



**নিজস্ব সংবাদদাতা, মালদা:** মুদিপুকুর হাসপাতালে উন্নত চিকিৎসা পরিষেবা সহ একগুচ্ছ দাবিতে ব্লক স্বাস্থ্য আধিকারিককে স্মারকলিপি দিল কামতাপুর পিপলস পার্টি (ইউনাইটেড)। সোমবার দুপুরে মুদিপুকুর বাস স্ট্যান্ড থেকে মিছিল করে হাসপাতালের ব্লক স্বাস্থ্য আধিকারিকের দফতরে হাজির হন কামতাপুর পিপলস পার্টির দলীয় নেতা কর্মীরা। ব্লক স্বাস্থ্য অধিকারিক ডা: শুভ্রদীপ মন্ডলের হাতে এক গুচ্ছ দাবি দাওয়া নিয়ে একটি স্মারকলিপি তুলে দেন কামতাপুর পিপলস পার্টির কেন্দ্রীয় কমিটি সাধারণ সম্পাদক সুভাষ বর্মণ। তিনি বলেন, দীর্ঘদিন ধরে মুদিপুকুর গ্রামীণ হাসপাতাল একাধিক সমস্যায় জর্জরিত রয়েছে। যেমন পর্যাপ্ত ডাক্তারের অভাব। ঔষধের অভাব। পাশাপাশি হাসপাতালে আসা রোগীর আত্মীয়দের কোনো বিশ্রামাগার নেই কোনও পানীয় জলের সুব্যবস্থা। যার জেরে দূর-দূরান্ত থেকে হাসপাতালে আসা রোগীর আত্মীয় পরিজনরা চরম সমস্যায় পড়েন। চিকিৎসকদের আবাসন গুলি ও জরাজীর্ণ দশায় পরিণত হয়েছে। হাসপাতাল চত্ত্বরে ডাক্তার দের প্রাইভেট প্র্যাকটিস বন্ধ রাখাও দাবি তুলে হাসপাতালে আসা রোগীদের চিকিৎসা পরিষেবার দিকে বিশেষ জোর দেওয়ার দাবি জানিয়েছেন। দ্রুত সকল সমস্যার সমাধান না হলে আগামীতে আরও বৃহত্তর আন্দোলনের হুঁশিয়ারি দিয়েছেন কামতাপুর পিপলস পার্টির কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক সুভাষ বর্মনবাবু । তিনি এও বলেন, এদিনের ডেপুটেশন দাবিগুলি ব্লক স্বাস্থ্য আধিকারিকের মাধ্যমে জেলাশাসক ও জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিককে জানানো হলো।

## আগুনে ভস্মীভূত



**নিজস্ব সংবাদদাতা, দিনহাটা:** হোকোদাহ এলাকায় এক ব্যক্তির বাড়িতে আগুন লেগে ভস্মীভূত গোয়ালঘর। রবিবার বিকেল চারটা নাগাদ দিনহাটা-২ নম্বর ব্লকের কিসামত দশগ্রাম গ্রাম পঞ্চায়েতের হোকোদাহ এলাকার লালমোহন বর্মনের বাড়িতে ঘটে এই দুর্ঘটনা। জানা গিয়েছে ওই বাড়ির একটি ছোট্ট বাচ্চা গোয়ালঘরে থাকা পাটকাঠির বোঝাতে আগুন লাগিয়ে দেয়। সেই আগুন ছড়িয়ে পড়লে ভস্মীভূত হয়ে যায় গোয়ালঘরটি। তবে গোয়াল ঘরের পাশে তাদের শোবার ঘর ছিল, সেই ঘরের দিকে আগুন ছড়িয়ে পড়ার আগে স্থানীয় মানুষজন এবং ততক্ষনাৎ খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় দমকলের একটি ইঞ্জিন ও দমকল কর্মীরা। উভয়ের প্রচেষ্টায় আগুন নিয়ন্ত্রণে এলেও গোয়ালঘরটি ভস্মীভূত হয়ে যায়। এই ঘটনায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে ওই এলাকায়।

## ষাঁড়ের গুতো খেয়ে গুরুতর আহত বৃদ্ধা

**নিজস্ব সংবাদদাতা, দিনহাটা:** পাথরশনে ষাঁড়ের গুতো খেয়ে গুরুতর আহত এক বৃদ্ধা। ঘটনার বিবরণে মঙ্গলবার দুপুর একটা নাগাদ বামনহাট ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র থেকে জানানো হয়েছে যে জুলেখা বেওয়া নামের ওই বৃদ্ধা এদিন সকালে বাড়ির বাইরে দাঁড়িয়েছিলেন সেই সময় হঠাৎ করে একটি ষাঁড় এসে ওই বৃদ্ধার পেটে শিং দিয়ে আঘাত করে। গুরুতর অবস্থায় ওই বৃদ্ধাকে প্রথমে বামনহাট ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে আসে। এরপর সেখান থেকে দিনহাটা মহকুমা হাসপাতাল এবং বর্তমান কোচবিহারে একটি বেসরকারি নার্সিংহোমে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছেন বলে জানা গিয়েছে।




# নাটাবাড়ি বিধানসভা কেন্দ্রে প্রচার নিশীথের



**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার:** টার্গেট যখন গোল্ড মেডেল তখন কে সিলভার পেল কে ব্রোঞ্জ ছিল সেটা বড় কথা নয়। ভারতীয় জনতা পার্টি গোল্ড মেডেলের উদ্দেশ্যে লড়াই করছে এবং সেটা পেয়ে যাবে মানুষের আশীর্বাদে। কোচবিহার নাটাবাড়ি বিধানসভা কেন্দ্রের একাধিক এলাকায় প্রচারের শেষে এমনটাই জানালেন কোচবিহারে ভারতীয় জনতা পার্টির মনোনীত প্রার্থী নিশীথ প্রামানিক। এদিন কোচবিহারের রেলগেট বাজার থেকে শুরু করে বাবুরহাট, ব্যাঙচাত্রা রোড রেলগেট এলাকায় জনসংযোগ কর্মসূচিতে পৌঁছান নিশীথ প্রামাণিক। সেখানে মানুষের সাথে যেমন একদিকে কথা বলেন ঠিক তার পাশাপাশি স্থানীয় একটি মন্দিরে পুজো দেন। তিনি বলেন, তৃণমূলের প্রার্থী ঘোষণার অনেক আগে থেকেই আমাদের প্রচার শুরু হয়ে গেছে। ইতিমধ্যেই মাথাভাঙ্গা শীতলকুচি এলাকায় প্রচার চলছে জোর কদমে। শুধু তাই নয়, নির্বাচন সামনে তাই প্রচার এরকম কোন বিষয় নেই, সারা বছর ধরেই আমাদের বিভিন্ন কর্মসূচি থাকে। জেলার বুথ স্তর থেকে শুরু করে ব্লক এবং সার্বিকভাবে প্রচার চলছে। একই সাথে জনসংযোগ কর্মসূচির মাধ্যমে প্রধানমন্ত্রীর বিভিন্ন জনমুখী প্রকল্পগুলি মানুষের সামনে তুলে ধরা হচ্ছে। এজন্য তার বক্তব্যের মাঝে একটি বিষয় উঠে আসে, রাজ্যের অসহযোগিতার কথা। রাজ্য সরকার বিজেপির বিধায়ক এবং সাংসদদের উন্নয়নমুখী কাজে বাঁধা দিচ্ছে। তাদের বরাদ্দকৃত অর্থ মানুষের জন্য ব্যবহার করতে দিচ্ছেন না। তাই সমস্যা তৈরি হচ্ছে। আরো কর্মসূচি রয়েছে নিশীথ প্রামাণিকের। তবে প্রচারের নিরিখে অনেকটাই এগিয়ে আছে বিজেপি বলে দাবি করছেন রাজনৈতিক মহল। প্রার্থী ঘোষণা থেকে শুরু করে ক্রমাগত প্রচার তৃণমূলের থেকে এগিয়ে যাচ্ছে পদ্মফুল শিবির। দিন একইভাবে সাধারণ মানুষের উন্মাদনা লক্ষ্য করা যায়। প্রচুর মানুষ এদিন কথা বলার চেষ্টা করেন প্রার্থীর সাথে। তবে তৃণমূলের প্রচার শুরু হলে বিজেপির প্রচার কতটা সামনের সারিতে থাকবে সেটাই এখন দেখার।

# দিনে দুপুরে বোমা বিস্ফোরণের অভিযোগ



**নিজস্ব সংবাদদাতা, মালদা:** লোকসভার ভোটের নির্ঘণ্ট ঘোষণা হয়নি এখনো। লোকসভা ভোটের প্রাক্কালে আবারো উত্তপ্ত মালদার মানিকচকের গোপালপুর গ্রাম পঞ্চায়েতের বালুটোলার জেসরোতটোলা এলাকা। দিনে দুপুরে বোমা বিস্ফোরণের অভিযোগ গোপালপুরে। মঙ্গলবার বিকট শব্দ শুনতে পায় স্থানীয় মানুষজন। তার সঙ্গে দেখতে পাই পুঞ্জ পুঞ্জ ধোঁয়া। বিকট শব্দ ও ধোঁয়াতে স্থানীয়রা অনুমান করেন বোমা বিস্ফোরণ ঘটেছে। বোমা বিস্ফোরণের মানিকচকের গোপালপুর গ্রাম পঞ্চায়েতের জেসরোতটোলা এলাকায়। একটি বোমা বিস্ফোরণ হয় বলে জানায় স্থানীয়রা। ঘটনাকে কেন্দ্র করে এলাকা জুড়ে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে। ঘটনাস্থলে পৌঁছেছে মানিকচক থানার বিশাল পুলিশ বাহিনী। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

# ট্রেন বাতিল নিয়ে প্রশ্ন তুললেন উদয়ন

**নিজস্ব সংবাদদাতা, দিনহাটা:** শিলিগুড়িতে প্রধানমন্ত্রী মোদীর সভার আগে উত্তরবঙ্গ থেকে ব্রিগেডে যাওয়ার ট্রেন বাতিল নিয়ে প্রশ্ন তুললেন উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী উদয়ন গুহ। শনিবার দুপুর দেড়টা নাগাদ দিনহাটা থেকে ভিডিও বার্তায় মন্ত্রী উদয়ন বলেন, প্রধানমন্ত্রী মোদী তার নিজের জমিদারি আদবকায়দা বজায় রেখেছেন। আজকে শিলিগুড়িতে আসার আগে সকালে আসামে হাতির পিঠে চড়ে ঘুরে বেড়িয়েছেন অথচ সাধারণ মানুষের কলকাতা বা ব্রিগেডে যাবার যে ট্রেন আগাম বুকিং করেছিল তা জমিদারি ফলিয়ে বাতিল করেছেন। এর থেকেই বোঝা যায় যে, বিজেপি উত্তরবঙ্গের সাধারণ মানুষ কেন্দ্রীয় সরকারের যে বঞ্চনা তার দাবি কলকাতায় এসে তুলে ধরবেন সেই রাস্তা রাখতে চাইছে না। অর্থাৎ জমিদার সাহেব নিজের একনায়কতন্ত্র ফলিয়ে দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার এবং আলিপুরদুয়ার জেলার লোকেদের আটকে দিতে চাইছেন।



# নারীদের সার্বিক উন্নতির লক্ষ্যে ব্রিটানিয়া মারি গোল্ড-এর পদক্ষেপ

**শিলিগুড়ি:** ব্রিটানিয়া মারি গোল্ড ভারতের বিখ্যাত বিস্কুট ব্র্যান্ড হার স্টোর (HerStore) চালু করেছে, মহিলা উদ্যোক্তাদের জন্য অনন্য ডিজিটাল ইকোসিস্টেম। হার স্টোর কে ভারতের সকল নারীদেরকে যাত্রায় সমর্থনের করার জন্য এই প্ল্যাটফর্ম দেওয়ার জন্য তৈরি করা হয়েছে। "সাথ জুড়ো সাথ উড়ো" ট্যাগলাইনটি একটি সহায়ক ডিজিটাল ইকোসিস্টেম গড়ে তোলার জন্য ব্র্যান্ডের প্রতিশ্রুতির সারমর্মকে ধারণ করেছে।

ব্রিটানিয়া মেরি গোল্ড দ্বারা চালিত হার স্টোর একটি মার্কেটপ্লেস চালু করার সাথে তার প্রতিশ্রুতির দিকে উদ্যোগ নিয়েছে যা প্রোডাক্ট এবং পরিষেবা উভয়ই তালিকাভুক্ত করে। প্ল্যাটফর্মটি শীঘ্রই একটি গতিশীল বাজারের ল্যান্ডস্কেপে উন্নতির জন্য প্রয়োজনীয় দক্ষতা এবং জ্ঞানের সাথে মহিলা উদ্যোক্তাদের তৈরি করার জন্য তৈরি করা প্রশিক্ষণ, কর্মশালা এবং আপস্কিলিং ভিডিওগুলির একটি বিস্তৃত স্যুট অফার করবে। হারস্টোর ব্রিটানিয়া মেরি গোল্ড মাইস্টার্টআপ প্রোগ্রামের চারটি অত্যন্ত সফল অধ্যায় থেকে শেখার উপর তৈরি। এই প্রোগ্রামটি ২০১৯ সালে শুরু করা হয়েছিল যাতে নারীরা তাদের উদ্যোক্তা যাত্রা শুরু করার জন্য প্রয়োজনীয় অর্থ ও দক্ষতার ক্ষেত্রে বাধাগুলি অতিক্রম করতে সক্ষম হয়। ৫০ টিরও বেশি উদ্যোক্তার জন্য ১০ লক্ষ এবং 50 হাজার+ মহিলাকে তাদের ব্যবসা শুরু করার দক্ষতা দিয়ে তৈরি করা হয়েছে। বিজয়ীদের মধ্যে ২৫ টিরও বেশি সমৃদ্ধশালী ব্যবসা রয়েছে এবং ইতিমধ্যে ১০ টিরও বেশি বিজয়ী হারস্টোর-এ অনবোর্ড হয়েছে। প্ল্যাটফর্মটি শীঘ্রই হিন্দি, কন্নড়, বাংলা, তামিল এবং আরও অনেক ভারতীয় ভাষায় উপলব্ধ হবে।

লঞ্চের বিষয়ে ব্রিটানিয়া ইন্ডাস্ট্রিজের চিফ মার্কেটিং অফিসার অমিত দোশি জানিয়েছেন, "আমরা উপলব্ধি করেছি যে বাস্তুতন্ত্রের উন্নতির জন্য পথ দেখানোর জন্য একটি প্ল্যাটফর্ম প্রয়োজন, এবং তাই এই নারী দিবস আমরা হারস্টোর এর সাথে সেই দিকে প্রথম পদক্ষেপ নিতে পেরে গর্বিত।

# পশ্চিমবঙ্গে গ্লুকোমা সচেতনতা অভিযান

**কলকাতা:** মাতানন্দ ফাউন্ডেশন, ইএনটিওডি ফার্মাসিউটিক্যালসের সহযোগিতায়, গ্লুকোমা সচেতনতা সপ্তাহ ক্যাম্পেইন '#GlaucomaMuktBharat' চালু করার ঘোষণা করেছে।' ক্যাম্পেইনটি অনুষ্ঠিত হবে পশ্চিমবঙ্গের কলকাতায় ২০২৪-এর ১০ থেকে ১৬ই মার্চ পর্যন্ত। এই উদ্যোগটি 'বিশ্ব গ্লুকোমা সপ্তাহ'-এর সাথে মিলিত এবং গ্লুকোমা সম্পর্কে সচেতনতা বাড়ানোর লক্ষ্য চোখের রোগ যা বিশ্বব্যাপী লক্ষ লক্ষ মানুষকে প্রভাবিত করেছে।

গ্লুকোমা দৃষ্টি স্বাস্থ্যের জন্য একটি উল্লেখযোগ্য ভুমিকা পালন করে। ভারতে আনুমানিক ১২ মিলিয়ন ব্যক্তি আক্রান্ত হওয়ার সাথে সাথে ৫০% পর্যন্ত সমস্যা সনাক্ত করা যায় না, সচেতনতা এবং প্রাথমিক সনাক্তকরণের প্রয়োজনীয়তা সবচেয়ে বেশি। গ্লুকোমা সচেতনতা সপ্তাহ ক্যাম্পেইন নিয়মিত চক্ষু পরীক্ষা এবং চক্ষু সম্পর্কে সকলকে তথ্য জানায়। প্রচারণার মূল হাইলাইটগুলির মধ্যে রয়েছে: সবুজ টি-শার্ট উদ্যোগ, ক্যাপ বিতরণ, স্থানীয় সচেতনতামূলক সামগ্রী, রোগীর শিক্ষা, দৃষ্টি সিমুলেশন। একজন প্রখ্যাত চক্ষুরোগ বিশেষজ্ঞ সুমিত চৌধুরী বলেছেন, "পশ্চিমবঙ্গে ২০১৬ সালে পরিচালিত হুগলি রিভার গ্লুকোমা স্টাডি, ১৪,০৯২ জন অংশগ্রহণকারীর সাথে ফলাফলের বিষয়ে প্রকাশ করা হয়েছিল। সময়মত হস্তক্ষেপের জন্য গ্লুকোমার ঝুঁকির কারণ এবং উপসর্গ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা অপরিহার্য। এটি সুপারিশ করা হয় যে ৬০ বছর বা তার বেশি বয়সের ব্যক্তিদের প্রতি ১-২ বছরে, ৪০-৬০ বছর বয়সীদের ২-৩ বছরে এবং ৪০ বছরের কম বয়সীদের ২-৪ বছর অন্তর চক্ষু পরীক্ষা করানো হয় যাতে দ্রুত রোগ নির্ণয়ের সুবিধা হয় এবং দ্রুত চিকিৎসা হস্তক্ষেপ করা যায়।"

# ব্লেন্ডারস প্রাইড ফ্যাশন এনএক্সটি ফেস্টিভ্যালের সাথে ভুবনেশ্বর গ্ল্যাম আপ




**শিলিগুড়ি:** ব্লেন্ডারস প্রাইড ফ্যাশন এনএক্সটি ফেস্টিভ্যাল ২রা মার্চ শহরে প্রথম অ্যাভান্ট-গার্ড উৎসবের অভিজ্ঞতার আয়োজন করেছে। ভারতের প্রথম এক্সপেরিয়েনশিয়াল ফ্যাশন ফেস্টিভ্যাল হিসেবে, বিলাসবহুল ফ্যাশন, মিউজিক পারফরম্যান্স এবং ভারতের কিছু সেরা লাইফস্টাইল ব্র্যান্ডের দ্বারা কিউরেট করা পপ-আপগুলি জুড়ে একত্রিত করেছে হাই-অন-স্টাইল অভিজ্ঞতার হোস্ট। ফেস্টিভ্যালে দর্শকরা নতুন অভিজ্ঞতার জন্য তৈরি ছিল যা ফ্যাশন এবং স্টাইলে পূর্ণ ছিল। বিখ্যাত ডিজাইনার নচিকেত বারভে দ্বারা কিউরেট করা ফ্যাশন শো এবং ফ্যাশন ডিজাইন কাউন্সিল অফ ইন্ডিয়া দ্বারা কিউরেট করা ফ্যাশন এনএক্সটি স্পটলাইট ফ্যাশন ডিজাইন কাউন্সিল অফ ইন্ডিয়া দ্বারা আলপনা নীরাজ, ব্লোনি, অন্তর অগ্নি সহ ৯জন ভারতীয় ডিজাইনার ছিলেন। যেখানে নচিকেত গ্ল্যামারাস অভিনেতা সানিয়া মালহোত্রা সাথে তার কালেকশন 'লা ডলস ভিটা' প্রদর্শন করেছেন। ফ্যাশন এনএক্সটি স্পটলাইট ৩টি থিম জুড়ে ফ্যাশন প্রবণতা তৈরি করেছে যা ওয়ান্ডারলাক্স, গ্লস এবং গ্ল্যাম, ইন্টারগ্লামাটিক। ডিজে রাবাব-এর অভিনয়, প্রগ্রেসিভ ব্রাদার্সের শো এবং রিটভিজ দ্বারা একটি ফুট-ট্যাপিং শো সমন্বিত বৈদ্যুতিক সঙ্গীত পরিবেশনার মধ্য দিয়ে সন্ধ্যাটি দর্শকদের আনন্দ প্রদান করেছে। উৎসবে নাশের মাইলস, অল ইউ ক্যান স্ট্রিট, ডুডল ম্যাপুলস, বিয়ারডো এবং অনিশা গান্ধীর দ্য স্টাইলিং রুম-এর মতো চাওয়া-পাওয়া লাইফস্টাইল ব্র্যান্ডগুলির সাথে দুর্দান্ত সহযোগিতার লাইনআপও রয়েছে। কার্তিক মহিন্দ্রা, চিফ মার্কেটিং অফিসার, পারনড রিকার্ড ইন্ডিয়া জানিয়েছেন, "আমরা ভারতের কিছু সেরা ফ্যাশন ডিজাইনার, সেলিব্রিটি এবং লাইফস্টাইল ব্র্যান্ডের সাথে সহযোগিতা করতে আগ্রহী, যারা স্টাইল এবং গ্ল্যামারের জগতে একটি গেটওয়ে হয়ে উঠতে আমাদের দৃষ্টিভঙ্গি ভাগ করে নেয়।"

# কলকাতায় শিল্প প্যানেল আলোচনায় আইশার-এর নতুন প্ল্যাটফর্ম



**কলকাতা:** ভিই (VE) বাণিজ্যিক যানবাহনের একটি বিভাগ, আইশার (Eicher) ট্রাক ও বাস, কলকাতায় হেভি ডিউটি ট্রাকের নন-স্টপ সিরিজ লঞ্চ করেছে। এই ইভেন্টে একটি প্যানেল আলোচনা "বিহাইন্ড দ্য হুইল: ট্রাক আপটাইমের জন্য ড্রাইভার উৎপাদনশীলতা"-এর আয়োজন করা হয়েছিল, যার উদ্দেশ্য ছিল ড্রাইভারের উৎপাদনশীলতা বাড়ানো এবং ট্রাক আপটাইম নিশ্চিত করার বিষয়ে আলোচনা করা। ভগবান কে বিন্দিগানাভিলের দ্বারা পরিচালিত এই প্যানেলটিতে ইএফসি লজিস্টিকস, ইন্টারস্টেট অয়েল ক্যারিয়ার, নর্দার্ন কার্গো সার্ভিস এবং ভিইসিভি-এর শিল্প নেতারা এবং ভিইসিভি-এর এমডি এবং সিইও ভিনোদ আগরওয়াল উপস্থিত ছিলেন। এই সভায় ট্রাক চালকদের মুখোমুখি হওয়া চ্যালেঞ্জগুলি, তাদের ক্ষমতায়নে OEM এবং পরিবহন সংস্থাগুলির ভূমিকা, প্রযুক্তিগত অগ্রগতি এবং বাণিজ্যিক যানবাহনের ক্ষেত্রে চালকের সুরক্ষার জন্য সহায়তার বিষয়গুলি তুলে ধরা হয়েছিল। এই প্রসঙ্গে ইভিপি-এর স্ট্রাটেজিক প্ল্যানিং এবং কমিউনিকেশন শ্রী ভগবান কে বিন্দিগানভিলে বলেছেন, "আধুনিক প্রযুক্তি, বিদ্যুতায়ন এবং বিকল্প জ্বালানির ব্যবস্থার জন্য ভারতের বাণিজ্যিক যানবাহন খাতের দ্রুত উন্নয়ন ঘটছে। প্যানেলটিতে নিরাপত্তা এবং উৎপাদনশীলতা বৃদ্ধিতে ড্রাইভারদের গুরুত্ব তুলে ধরা হয়েছে।"

# মেদিনীপুরে সড়ক নিরাপত্তায় সচেতনতা ক্যাম্পের আয়োজন

**মেদিনীপুর:** সড়ক নিরাপত্তা এইচএমএসআই-এর সবচেয়ে গুরুত্বপূর্ণ দিক হিসাবে দাঁড়িয়েছে। রাস্তা বিষয়ে সতর্ক ও সুরক্ষা-কেন্দ্রিক সমাজ তৈরিতে অবদান রাখার জন্য, কোম্পানি নিয়মিতভাবে দেশের বিভিন্ন অঞ্চলে সড়ক নিরাপত্তা সচেতনতা প্রচারণার আয়োজন করেছে। এইচএমএসআই বিশ্বাস করে যে এই ধরনের প্রচারাভিযান ব্যক্তিদের নিরাপদে ড্রাইভ করতে সহায়তা প্রদান করবে। সম্প্রতি মেদিনীপুর শহরে অনুষ্ঠিত হয়েছিল এই প্রচারাভিযান যা অংশগ্রহণকারীদের উপর উল্লেখযোগ্য প্রভাব ফেলেছে, রাজা নরেন্দ্র লাল খান মহিলা কলেজের মাঠে এইচএমএসআই ২০০০ টিরও বেশি শিক্ষার্থী সহ কর্মচারীরা অংশগ্রহণ করেছিল। এইচএমএসআই ছোটবেলা থেকেই শিশুদের সড়ক নিরাপত্তা নীতি শেখানোর প্রয়োজনীয়তার উপর জোর দেয় এবং স্কুল ও কলেজ উভয় স্তরেই সড়ক নিরাপত্তা শিক্ষামূলক পাঠ্যক্রমের অন্তর্ভুক্তির প্রচার করে। সড়ক নিরাপত্তা সচেতনতা প্রচারাভিযানে ইন্টারেক্টিভ এবং আকর্ষক কার্যকলাপ রয়েছে যেমন রোড সেফটি গেমস, সেফ রোড থিওরি সেশন, স্লো সাইকেল রাইডিং, রোড সাইনেজ এবং রাইডিং পোজ প্রশিক্ষণ। প্রতিষ্ঠার পর থেকে, পশ্চিমবঙ্গ এইচএমএসআই প্রায় ৩ লক্ষ প্রাপ্তবয়স্ক এবং শিশুদের শিক্ষা দিয়েছে। ২০২১ সালে হোন্ডা বিশ্বব্যাপী ২০৫০ সালের একটি বিবৃতি দিয়েছে যেখানে এটি হোন্ডা মোটরসাইকেল এবং অটোমোবাইলগুলির সাথে জড়িত ট্রাফিক সংঘর্ষের সমস্যা সমাধানের জন্য চেষ্টা করবে। ভারতে এইচএমএসআই এই দৃষ্টিভঙ্গি এবং ২০৩০ সালের মধ্যে প্রাণহানির সংখ্যা অর্ধেকে কমিয়ে আনার ভারত সরকারের নির্দেশনা অনুসারে কাজ করছে। বৈজ্ঞানিকভাবে তৈরি করা শেখার মডেলে হোন্ডা-এর দক্ষ প্রশিক্ষকরা রাইডিং গিয়ার এবং ভঙ্গি ব্যাখ্যা ও নিরাপদ রাইডিং শিষ্টাচারের উপর বিশেষ সেশনের তৈরি করেছেন যেগুলিকে তিনটি স্তরে ভাগ করা হয়েছে প্রাকটিক্যাল লার্নিং, ইন্টারেক্টিভ সেশন, এক্সিস্টিং ড্রাইভার হনিং রাইডিং স্কিল।

# স্বাস্থ্যসেবায় বিশেষজ্ঞের পরামর্শের সুবিধা প্রদানে লর্ডস মার্ক-এর ভুমিকা

**আগরতলা:** লর্ডস মার্ক ইন্ডাস্ট্রিজ লিমিটেড, আইভিডি প্রোডাক্ট তৈরির কোম্পানি ভারত, সরকারের জাতীয় কর্মসূচি, উন্নত ভারত অভিযানের সহযোগিতায়, এফআইআইটি (ফাউন্ডেশন ফর ইনোভেশন অ্যান্ড টেকনোলজি ট্রান্সফার), আইআইটি দিল্লির উদ্যোগে গ্রামীণ ভারতে স্বাস্থ্যসেবা অ্যাক্সেসে বিপ্লব ঘটানোর লক্ষ্যে গ্রাউন্ড ব্রেকিং ই স্মার্ট ক্লিনিক প্রকল্প বাস্তবায়নের জন্য। এআইআইএমএস রাজকোটে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এই প্রকল্পের উদ্বোধন করেছেন। এই উদ্যোগটি ২২ ফেব্রুয়ারি, ২০২৪-এ আইআইটি দিল্লিতে লর্ডস মার্ক ইন্ডাস্ট্রিজ এবং উন্নত ভারত অভিযানের মধ্যে মৌ স্বাক্ষর থেকে উদ্ভূত হয়েছে।

এই অনুষ্ঠানে লর্ডস মার্ক ইন্ডাস্ট্রিজ লিমিটেডের এক্সিকিউটিভ ডিরেক্টর মানব তেলি জানিয়েছেন, " এই উদ্যোগটি স্বাস্থ্যসেবাতে উদ্ভাবন এবং অ্যাক্সেসযোগ্যতার প্রতি আমাদের প্রতিশ্রুতিকে জোরদার করে, গ্রামীণ ভারত জুড়ে আধুনিক ডায়াগনস্টিকস এবং বিশেষজ্ঞের চিকিৎসা পরামর্শের সাথে সাধ্যের মধ্যে ক্ষমতায়ন করে। আমরা বিশ্বাস করি যে এটি সমস্ত নাগরিকের জন্য অন্তর্ভুক্তিমূলক এবং ন্যায়সঙ্গত স্বাস্থ্যসেবায় আমাদের দৃষ্টিভঙ্গি বাস্তবায়নের দিকে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

# স্বাস্থ্য এবং সুস্থতার ক্ষেত্রে নারীদের জন্য অ্যামওয়ের #হারহেলথফার্স্ট



**শিলিগুড়ি:** #ইন্সপায়ারইনক্লুশন-এর জন্য বিশ্বব্যাপী ডাকে, অ্যামওয়ে ইন্ডিয়া, স্বাস্থ্য ও কল্যাণ সংস্থাগুলির মধ্যে অন্যতম, তাদের শক্তিশালী #হারহেলথফার্স্ট কর্মসূচির মাধ্যমে এই আন্তর্জাতিক মহিলা দিবসে মহিলাদের স্বাস্থ্যকে অগ্রাধিকার দেওয়ার অটল প্রতিশ্রুতি নিয়ে এসেছে। মহিলাদের স্বাস্থ্যের উপর গুরুত্বপূর্ণ আলোচনাকে অনুপ্রাণিত করা এবং প্রসারিত করার লক্ষ্যে এই উদ্যোগ। ইভেন্টের একটি সিরিজে কোম্পানিটি সমস্ত উচ্চাকাঙ্ক্ষী মহিলাদের তাদের স্বাস্থ্যের প্রতি লক্ষ্য ও দায়িত্ব পূরণ করে তাদের স্বপ্ন পূরণ করার বার্তা দিয়েছে।

কোম্পানির হেড রজনীশ চোপড়া বলেছেন, "অ্যামওয়েতে, আমরা বিশ্বাস করি যে নারীরাই রূপান্তরমূলক পরিবর্তনের চালিকাশক্তি। একটি স্বাস্থ্যকর ভারত গড়ার জন্য এটি আমাদের দৃঢ় প্রতিশ্রুতি। পরিবারের সুস্থতা রক্ষায় মহিলারা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে তা আমরা স্বীকার করি। তাই নারীদের জন্য বৈচিত্র্য এবং অন্তর্ভুক্তির প্রচারের মাধ্যমে, আমরা একটি ইতিবাচক কর্মসুচি নিয়ে এসেছি।"

তিনি আরও বলেন, "এবছরের আন্তর্জাতিক নারী দিবসের থিম, #ইন্সপায়ারিনক্লুশন, যা মহিলাদের সামগ্রিক সুস্থতা উদযাপনে অ্যামওয়ের প্রতিশ্রুতির সঙ্গে পুরোপুরি অনুরণিত। আমরা নারীদের তাদের স্বাস্থ্য এবং তাদের পরিবারের সম্পর্কে অবগত করতে তাদের ক্ষমতায়নের দিকে মনোনিবেশ করি। আমরা মহিলাদের স্ব-যত্ন, স্বাস্থ্যকর জীবনধারা এবং সুস্থ জীবনযাপনে উৎসাহিত করি। এটা সত্যিই অনুপ্রেরণাদায়ক যে নারীদের তাদের স্বাস্থ্যের প্রতি লক্ষ্য অর্জনে নেতৃত্ব দিচ্ছে। অ্যামওয়ে ব্যবসার ৬০% এরও বেশি মালিক নারী। যা স্বাস্থ্য এবং সুস্থতার প্রচারে আমাদের প্রতিশ্রুতির শক্তিশালী উদাহরণ। #হারহেলথফার্স্ট প্রচারাভিযানের অধীনে, আমরা এমন একটি বিশ্ব তৈরি করতে চাই যেখানে নারীরা স্বাস্থ্যক্ষেত্রে চ্যাম্পিয়ন হবে উদযাপন করবে।"

# ব্যবস্থাপনা দলকে উন্নত করতে নতুন পদক্ষেপ বন্ধন ব্যাঙ্ক-এর

**আগরতলা:** বন্ধন ব্যাঙ্ক, ভারতের একটি শীর্ষস্থানীয় সার্বজনীন ব্যাঙ্ক রাজিন্দর কুমার বব্বর-কে এক্সেকিউটিভ ডিরেক্টর এবং চিফ বিজনেস অফিসার হিসেবে নিয়োগ করেছে। ৩৫ বছরের অভিজ্ঞতা সহ বাব্বর ডিজিটাল ব্যাংকিং এবং ট্রেজারি পোর্টফোলিও রক্ষণাবেক্ষণ করবেন। ব্যাঙ্ক কর্তৃপক্ষ আশা করছে যে ইচডিএফসি ব্যাঙ্ক, সেঞ্চুরিয়ন ব্যাঙ্ক, এবং সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়াতে পূর্ববর্তী নেতৃত্বের ভূমিকার সাথে, বাব্বর ব্যাঙ্কের মূল ব্যবস্থাপনা দলকে শক্তিশালী করবেন। ব্যাঙ্ক কর্তৃপক্ষ রাজীব মন্ত্রীকে সিএফও হিসাবে নিযুক্ত করেছে, তিনি আর্থিক ক্রিয়াকলাপ এবং সম্পদ বরাদ্দের নিরীক্ষণ করবেন। ভারত, সিঙ্গাপুর এবং সংযুক্ত আরব আমিরাত জুড়ে ব্যাঙ্কিংয়ে ২৫ছরেরও বেশি অভিজ্ঞতার সাথে, রাজীব স্ট্যান্ডার্ড চার্টার্ড এবং সিটির মতো নেতৃস্থানীয় ব্যাঙ্কগুলির থেকে দক্ষতা অর্জন করেছে। এছাড়াও, সেলস, ডিস্ট্রিবিউশন, পিএন্ডএল ম্যানেজমেন্ট এবং অপারেশনে দক্ষতা সহ সন্তোষ নায়ারকে বন্ধন ব্যাঙ্কে কনজিউমার লেন্ডিং এবং মর্টগেজ প্রধান হিসেবে নিযুক্ত করা হয়েছে। বন্ধন ব্যাঙ্ক তিনজন সিনিয়রদের নিযুক্ত করে নতুন অধ্যায়ের সূচনা করেছে যা একটি ইতিবাচক পরিবেশ গঠন করবে। শীর্ষস্থানীয় দলকে শক্তিশালী করার বিষয়ে, বন্ধন ব্যাঙ্কের এমডি এবং সিইও চন্দ্র শেখর ঘোষ বলেছেন, "সন্তোষ, রাজিন্দর এবং রাজীব বন্ধন ব্যাঙ্কের সিনিয়র ম্যানেজমেন্ট টিমে স্বাগত জানিয়ে আমরা আনন্দিত। তারা আমাদের গ্রাহকদের জন্য উদ্ভাবন এবং মূল্য প্রচার করতে তাদের নেতৃত্ব এবং অভিজ্ঞতা ব্যবহার করবে।"

# জলের ঘাটতি পূরণে টাটা মোটরসের অমৃতধারা কর্মসূচি



**কলকাতা:** বিশ্বের বৃহত্তম সম্প্রদায়ের নেতৃত্বে ভূগর্ভস্থ জল ব্যবস্থাপনা প্রোগ্রাম, অটল ভুজল যোজনা সত্ত্বেও, আমাদের জনসংখ্যার মাত্র অর্ধেক (প্রায় ৫১%) নিরাপদ পানীয় জলের সরবরাহ রয়েছে। রানিক্ষেত এবং আলমোড়া জলের সমস্যা, টাটা মোটরস দ্বারা পরিচালিত অমৃতধারা উদ্যোগের মাধ্যমে সফলভাবে এই সমস্যার সমাধান করতে সক্ষম হয়েছে। তার এনজিও এসএমডিএফ (সুমন্ত মুলগাওকার ডেভেলপমেন্ট ফাউন্ডেশন) এর সহযোগিতায়। প্রকল্পটি গত ১৩ বছরে ২৩,০০০ জনেরও বেশি লোককে বহনযোগ্য পানীয় জলের উপলব্ধতার সুবিধা দিয়েছে। টাটা মোটরস, তার এনজিও (এসএমডিএফ) এর মাধ্যমে অমৃতধারা প্রোগ্রাম শিরোনামে এই সম্প্রদায়কেন্দ্রিক উদ্যোগের নেতৃত্ব দিচ্ছে। সংগঠনটি গত ১৩ বছরে উত্তরাখণ্ডের পার্বত্য অঞ্চলে ১৪৬টি পেনিট্রেশন কূপের একটি উন্নত নেটওয়ার্ক তৈরিতে সহায়তা করেছে। গ্রাম পঞ্চায়েত দ্বারা সমর্থিত এই কূপগুলি গ্রামবাসীদের জন্য জীবনরেখা হয়ে উঠেছে, যা গত দশকে ৩,৬৫৪ টিরও বেশি পরিবারে প্রতিদিন ১০.২৪ লক্ষ লিটার পানীয় জল সরবরাহ করে। ১১টি সরকারি স্কুলে ছাদে বৃষ্টির জল সংগ্রহের ব্যবস্থা তৈরি করা হয়েছে যেখানে ২২০০ জন ছাত্র ও শিক্ষকের বিশুদ্ধ জলের সরবরাহ রয়েছে। অমৃতধারা কর্মসূচির সম্পর্কে টাটা মোটরসের সিএসআর প্রধান, বিনোদ কুলকার্নি জানিয়েছেন, " উত্তরাখণ্ডে টাটা মোটরস জলের অ্যাক্সেসের একটি চালিকা শক্তি হিসাবে কাজ করেছে যা মহিলাদের উন্নতির জন্য সময় মুক্ত করতে এবং গ্রামীণ স্কুলে মেয়েদের তালিকাভুক্তির জন্য বিশেষ প্রভাব ফেলেছে। আমরা উত্তরাখণ্ডে অগ্রগতির জন্য টেকসই এবং ইতিবাচক পরিবর্তন সৃষ্টির জন্য আমাদের প্রচেষ্টাকে প্রসারিত করার জন্য নিবেদিত রয়েছি।"




# এনএসডিসি এবং এমএসইউ-এর মৌ স্বাক্ষর

**কলকাতা:** একটি অনন্য সহযোগিতায় মেধাবি স্কিল ইউনিভার্সিটি( Medhavi Skills University) ইউজিসি এবং এনসিভিইটি স্বীকৃত স্কিল বিশ্ববিদ্যালয় এবং ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন, এমএসডিই-এর তত্ত্বাবধানে নতুন জাতীয় শিক্ষা নীতি ২০২০-এর আদেশ অনুসারে উচ্চ শিক্ষার সাথে স্কিল ইকোসিস্টেমের একত্রিতকরণের জন্য মৌ স্বাক্ষর করেছে। শিক্ষার সর্বোচ্চ নিয়ন্ত্রক সংস্থা, ইউজিসি, এআইসি টিই এবং এনসিভিইটি গত বছর এনসিআরএফ -কে উচ্চশিক্ষার সাথে স্কিল এডুকেশনকে মিলিত করার জন্য বিজ্ঞাপিত করেছিল, যা যুবকদের শিল্প-প্রাসঙ্গিক দক্ষতার সাথে ক্ষমতায়ন করে যা উন্নত কর্মসংস্থানের দিকে পরিচালিত করে। এই পদক্ষেপটি বিকশিত ভারতীয় স্কিলিং ইকোসিস্টেমের প্রতিক্রিয়া হিসাবে আসে এবং ক্রেডিট স্থানান্তর ও দক্ষতা-ভিত্তিক শংসাপত্রগুলির স্বীকৃতির জন্য পথ তৈরি করবে। একটি বড় ছাত্র বেস রয়েছে যারা তাদের কর্মসংস্থানের সম্ভাবনার উন্নতির লক্ষ্যে শিল্প-প্রাসঙ্গিক দক্ষতা অর্জনের জন্য স্কিল- বেসড কোর্স / পেশাদার সার্টিফিকেশন বেছে নেয়। অনেক শিক্ষার্থী অনলাইন এড-টেক কোম্পানি/স্কিল ডেভেলপমেন্ট ইনস্টিটিউটের মাধ্যমে তাদের কলেজ/বিশ্ববিদ্যালয় প্রোগ্রামের উপরে এই প্রোগ্রামগুলিতে নথিভুক্ত করে, তাদের সামগ্রিক একাডেমিক জ্ঞান বৃদ্ধি পায়। স্বল্পমেয়াদী কোর্সগুলিকে একাডেমিক ক্রেডিটগুলির সাথে সংযুক্ত করা উচ্চ শিক্ষার সাথে দক্ষতার সংযোগের পথ তৈরি করবে। এই পার্টনারশিপের বিষয়ে বেদ মণি তিওয়ারি, ন্যাশনাল স্কিলস ডেভেলপমেন্ট কর্পোরেশনের সিইও জানিয়েছেন, " যে এই সহযোগিতাটি জাতীয় শিক্ষা নীতি ২০২০-এ বর্ণিত মৌলিক নীতিগুলির সাথে সারিবদ্ধ, বাধ্যতামূলক করে যে দক্ষতা সার্টিফিকেশনগুলি উচ্চ শিক্ষাগত বাস্তুতন্ত্রের অবিচ্ছেদ্য অংশ হয়ে উঠেছে।

# ১লা এপ্রিল থেকে টাটা মোটরস-এর বাণিজ্যিক যানবাহনে দামের পরিবর্তন

**কলকাতা:** টাটা মোটরস ভারতের বাণিজ্যিক যানবাহন তৈরির কোম্পানি ঘোষণা করেছে যে ২০২৪-এর ১লা এপ্রিল থেকে তার বাণিজ্যিক যানবাহনের দাম ২% পর্যন্ত বৃদ্ধি করবে। মূল্য বৃদ্ধি অতীত ইনপুট খরচ অবশিষ্ট প্রভাব অফসেট করা হয়। যদিও দাম বৃদ্ধি আলাদা মডেল এবং ভেরিয়েন্ট অনুযায়ী পরিবর্তিত হবে, এটি বাণিজ্যিক যানবাহনের সমগ্র রেঞ্জে প্রযোজ্য হবে।

# দুর্গাপুরে এক্সপেরিয়েন্সিয়াল স্টোরের উদ্বোধন করেছে গোদরেজ



**দুর্গাপুর:** গোদরেজ সিকিউরিটি সলিউশন( Godrej Security Solutions) গোদরেজ অ্যান্ড বয়েসের একটি বিভাগ, গোদরেজ গ্রুপের ফ্ল্যাগশিপ কোম্পানি, দুর্গাপুরে তার লেটেস্ট এক্সপেরিয়েন্সিয়াল স্টোরের উদ্বোধন করেছে। দুর্গাপুর শহরের কেন্দ্রস্থলে জ্যোতি কমার্শিয়াল কর্প-এ অবস্থিত, স্টোরটি ৩৬০ বর্গফুট জুড়ে বিস্তৃত, আধুনিক নিরাপত্তা সমাধান এবং গ্রাহক অভিজ্ঞতার সারমর্মকে মূর্ত করে। লঞ্চের বিষয়ে গোদরেজ সিকিউরিটি সলিউশনের বিজনেস হেড পুষ্কর গোখলে জানিয়েছেন, "আমাদের এক্সপেরিয়েন্টিয়াল স্টোর গ্রাহক এবং পাইকারি বিক্রেতাদের আমাদের প্রোডাক্ট এবং সমাধানগুলির বাস্তব অভিজ্ঞতা প্রদান করবে যার মধ্যে আমাদের নতুন এবং আপগ্রেড করা হোম লকারের রেঞ্জ রয়েছে। আমরা আগামী ৩ বছরে আরও ১২টি স্টোর চালু করার পরিকল্পনা করছি। দুর্গাপুরের বাসিন্দাদের মধ্যে উচ্চতর সচেতনতার সাথে, আমরা নিশ্চিত যে এই স্টোরটি আমাদের বৃদ্ধির গতিপথে উল্লেখযোগ্যভাবে অবদান রাখবে।"

# কোটাক মাহিন্দ্রা ব্যাঙ্কের নেক্সটজেন ব্যাঙ্কার্স প্রোগ্রাম প্রবর্তন




**কলকাতা:** কোটাক মাহিন্দ্রা ব্যাঙ্ক ব্যাঙ্কিং শিল্পের চাহিদাগুলিকে মোকাবেলা করার জন্য শিল্প-প্রস্তুত প্রতিভাকে দক্ষতা বৃদ্ধির জন্য কোটাক নেক্সটজেন ব্যাঙ্কার্স প্রোগ্রাম চালু করতে বিএফএসআই-এর মণিপাল একাডেমির সাথে সহযোগীতা করেছে। রিলেশনশিপ ম্যানেজমেন্টে ১২ মাসের পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা গ্রাহকদের অভিজ্ঞতার জন্য ব্যাঙ্কিং প্রশিক্ষিত করবে এবং কোটাক মাহিন্দ্রা ব্যাঙ্ক লিমিটেডের শাখা সম্পর্ক ব্যবস্থাপক হিসাবে চাকরি নিশ্চিত করবে। ব্যাঙ্কিং এবং আর্থিক ল্যান্ডস্কেপ গ্রাহকদের চাহিদা এবং পছন্দগুলির সাথে তাল মিলিয়ে চলায় প্রতিভার জন্য বৃহত্তর চাহিদা তৈরি করেছে। কোটাক নেক্সটজেন ব্যাঙ্কার্স প্রোগ্রাম ব্যাঙ্কিং শিল্পের চাহিদা পূরণ করবে এবং ব্যাঙ্ককে আনন্দদায়ক গ্রাহক-কেন্দ্রিক পরিষেবা প্রদানে সহায়তা করবে। ব্যাঙ্কিং বিশেষজ্ঞ এবং ব্যাঙ্কের নেতাদের দ্বারা প্রদত্ত শ্রেণীকক্ষ এবং চাকরিকালীন প্রশিক্ষণ কোটাক মাহিন্দ্রা ব্যাঙ্কের শিল্প-স্বীকৃত প্রক্রিয়াগুলির পাশাপাশি সংস্কৃতি প্রতিভাকে উন্নত করবে। বিরাট দিওয়ানজি, গ্রুপ প্রেসিডেন্ট এবং প্রধান কনজিউমার ব্যাঙ্ক, কোটাক মাহিন্দ্রা ব্যাঙ্ক লিমিটেড জানিয়েছেন "কোটাক মাহিন্দ্রা নেক্সটজেন ব্যাঙ্কার্স প্রোগ্রাম যুবকদের জন্য একটি আদর্শ লঞ্চ প্যাড, যা তাদের ব্যাঙ্কিং ক্যারিয়ারে বৃদ্ধি এবং সাফল্যের জন্য দক্ষতার সাথে সজ্জিত করে।"

# ২০৪৭ সালের মধ্যে 'বিকশিত ভারত' অর্জনে কেরলে প্রধান মন্ত্রী কৌশল বিকাশ যোজনা




**কলকাতা:** কেরলে যুবদের ভবিষ্যত প্রস্তুত করে তুলতে একটি রূপান্তরমূলক যাত্রা শুরু করা হয়েছে, যা প্রধানমন্ত্রী কৌশল বিকাশ যোজনার (পিএমকেভিওয়াই) পরবর্তী ধাপ। মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর দ্বারা নির্ধারিত ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত-এর দূরদর্শী লক্ষ্যের সঙ্গে সামঞ্জস্য রেখে এই উদ্যোগটি উদ্ভাবন এবং ভবিষ্যত প্রস্তুতির দিকে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ চিহ্নিত করে। এই উদ্যোগের মূলে রয়েছে পিএমকেভিওয়াই ৪.০, একটি যুগান্তকারী কর্মসূচী যা আগামী তিন বছরে প্রায় ৪ লক্ষ তরুণকে ভবিষ্যৎ দক্ষতা প্রদান করবে। অ্যাডেটিভ ম্যানুফ্যাকচারিং, থ্রিডি প্রিন্টিং এআই - ডেটা কোয়ালিটি অ্যানালাইসিস, ড্রোন ম্যানুফ্যাকচারিং, এবং ইলেকট্রিক ভেহিকেল সার্ভিস টেকনিশিয়ান প্রশিক্ষণের মতো ডোমেনগুলির উপর কৌশলগত জোর দিয়ে, এই উদ্যোগটি উদীয়মান শিল্পের যে অত্যাধুনিক দক্ষতা প্রয়োজন সেগুলির সঙ্গে যুবসমাজকে পরিচিয় করিয়ে দেবে। এই স্কিমে অংশ নিতে ইচ্ছুকরা কলেজ এবং বিশ্ববিদ্যালয়, স্কুল, আইটিআই, প্রধানমন্ত্রী কৌশল কেন্দ্র, জন শিক্ষা প্রতিষ্ঠান এবং অন্যান্য বিদ্যমান প্রতিষ্ঠানগুলির মাধ্যমে দক্ষতা প্রশিক্ষণ কোর্সের অ্যাক্সেস পাবে। প্রধানমন্ত্রী কৌশল বিকাশ যোজনা ২০১৫ সাল থেকে ১.৫০ কোটি জনকে প্রশিক্ষণ দিয়েছে, যাদের মধ্যে ৬১ লক্ষের বেশি মহিলা রয়েছে। গত ৯.৫ বছরে ৫০০০ টিরও বেশি নতুন আইটিআই প্রতিষ্ঠা করা হয়েছে, এবং মোট ১৫ হাজার আইটিআই, এবং জাতীয় শিক্ষানবিশ প্রোগ্রামের অধীনে ২৮ লক্ষেরও বেশি শিক্ষানবিশকে নিযুক্ত করা হয়েছে।